প্রকাশক সমিতি, সিলেটের আহ্বায়ক কমিটি গঠন

চেম্বার ডেস্ক::

প্রকাশক সমিতি, সিলেটের আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। নগরীর জিন্দাবাজারের একটি অভিজাত রেস্টুরেন্টে গতকাল সন্ধ্যায় অনুষ্ঠিত সভায় ঘাস প্রকাশনীর কর্ণধার নাজমুল হক নাজুকে আহ্বায়ক ও নাগরীর কর্ণধার সুফি সুফিয়ানকে সদস্যসচিব করে এই আহ্বায়ক গঠন করা হয়। সভায় সভাপতিত্ব করেন অভ্র প্রকাশনীর কর্ণধার অপূর্ব শর্মা। আহ্বায়ক কমিটির অন্যান্য সদস্যরা হচ্ছেন- বুনন প্রকাশনীর খালেদ উদ-দীন, পাপড়ির কামরুল আলম, বাসিয়া প্রকাশনীর মোহাম্মদ নওয়াব আলী, শ্রীহট্ট প্রকাশের জিবলু রহমান, পাণ্ডুলিপি প্রকাশনের বায়েজীদ মাহমুদ ফয়সল, জসিম বুক হাউজের মো. জসিম উদ্দিন, কালান্তর প্রকাশনীর আবুল কালাম আজাদ।
সভায় সিলেটের সকল প্রকাশনীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠন করার ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। শুধুমাত্র সিলেট শহরের বৈধ কগজপত্রধারী প্রকাশকদেরকে এ সমিতিরি অন্তর্ভুক্ত করা হবে। খুই শিগ্গির সমিতির গঠনতন্ত্র ও লোগো প্রকাশ করা হবে।